




আপনি কি চাকুরী নিয়ে হতাশ ?

প্রিয় জন্মভূমিতে কর্মসংস্থানের যথাযথ সঙ্কুলান না হওয়াতে বেশীর ভাগ সময় আমরা বহির্বিশ্বে রিজিকের সন্ধান করি। এছাড়াও জ্ঞানার্জন, গবেষণা, উচ্চতর ডিগ্রীলাভ, ভ্রমণ ইত্যাদি কাজেও বিভিন্ন দেশে যাই। যারা দেশে অপেক্ষাকৃত ভাল অবস্থানে ও উচ্চ মর্যাদায় অভিসিদ্ধ ছিলেন তারাও আবহাওয়া আর রুচি পরিবর্তন বা আরো উন্নত জীবন যাপনের জন্য এই উন্নত দেশে নিজের ভাগ্য পরীক্ষায় আগমন করেছেন।

ভাল পেশাঃ ইসলামী নৈতিকতার দিক থেকে কোন বৈধ পেশাই ছোট নয় আবার কোনটি বড়ও নয়। সম্ভব যদি আয় রোজগারের ক্ষেত্রে হারাম হালাল বাছ বিচার করে উপার্জন করা যায়।

আল্লাহর নবীগণ ছিলেন মানব ইতিহাসের সবচাইতে সম্মানিত মানুষ। তাঁরা সবাই নিজ হস্তে জীবিকা উপার্জন করতেন। প্রথম মানুষ ও নবী আদম আঃ কৃষি কাজ করতেন। আল্লাহর নবী দাউদ আঃ বাদশাহ হয়েও কর্মকারের কাজ করে সংসার চালাতেন। জাকারিয়া আঃ কাঠ মিস্ত্রীর কাজ করতেন। নবী মোহাম্মদ সঃ এর অনুসারী সাহাবিগণ কেউ ব্যবসা করতেন কেউ



চাকুরী করতেন। ইমাম আবু হানিফা রহঃ কাপড়ের ব্যবসা করতেন। এভাবে দেখা যায় যে একেক জন একেক পেশায় নিয়োজিত ছিলেন। এসব মনিষীগণ কে কি ধরনের কাজ করতেন তা মোটেও গুরুত্বপূর্ণ ছিলনা। বরং তাদের আদর্শভিত্তিক জীবন ও আদর্শের জন্য ত্যাগই এ মহান ব্যক্তিদিগকে মানবজাতি শ্রদ্ধাভরে স্মরণ করে।

অতএব সর্বপ্রথম আমাদেরকে এ মূলনীতি ঠিক হবে করতে যে, কাজ বা পেশা যাই হোকনা কেন কোনটিই ছোট নয় আবার কোনটি বড়ও নয়। কোন পেশার কথা শুনে যদি কেউ নাক সিঁটকায় তাহলে মানুষ হিসেবে সে ব্যক্তির বোধের অভাব নিশ্চিত।

বাকি অংশ ২য় পাতায়...

Ayah

From Quran

They (Woman) should not display their beauty and ornaments except what (must ordinarily) appear thereof [Sura Nur or Light: 31]

তারা (মহিলারা) যেন মাটির উপরে এমনভাবে চলাফেরা না করে যাতে তাদের গোপন সৌন্দর্য প্রকাশ হয়ে পড়ে। [সূরা আন নূর : ৩১]

WHY HIJAB? (Islamic Dress Code)

Islam promotes modesty and seeks to minimize vice and immorality in society. One of the ways it does so is by requiring modest dress. Islam sets the standards of decency for both men and women.

In most Western countries there are laws defining what is decent. This usually amounts to the male having to cover his genitals and the female having to cover her genitals and her breasts. If this minimum requirement is not met, the most a person can be charged with is indecent exposure. The reason cited for the difference in required clothing between men and women in this matter is the difference in their anatomies. **See Page-6**

রমজানের প্রকৃত উদ্দেশ্য

রোযার প্রকৃত উদ্দেশ্য হচ্ছে তাকওয়া পয়দা করা। তাকওয়া আসলে এমন এক সম্পদ যা আল্লাহর মহব্বত ও ভয় থেকে পয়দা হয়। আল্লাহর সন্তার ওপর ঈমান, তার গুণাবলী দয়া অনুগ্রহের গভীর অনুভূতি থেকে মহব্বতের প্রেরণা সৃষ্টি হয় এবং তার গুণ-রাগ, ক্ষোভ ও শাস্তিদানের ক্ষমতার ধারণা বিশ্বাস থেকে ভয়ের অনুভূতি জাগ্রত হয়। মহব্বত ও ভয়ের এ মানসিক অবস্থার নাম তাকওয়া যা সকল নেক কাজের উৎস এবং সকল পাপ কাজ থেকে বাঁচার সত্যিকার উপায়।

বাকি অংশ ৩য় পাতায়...

INSIDE

অমুসলিমদের মধ্যে দ্বীন প্রচার	2	কানাডায় আপনার সন্তানকে কি শিক্ষা দিবেন?	5
আপন স্ত্রীকে ভালবাসুন অন্যকে নয়!	3	Kids Section - Love Your Parents	6
পাঠক প্রতিক্রিয়া "সুদে বাড়ি কেনা যাবে কি?"	4	The Dangers of Innovations in Islam (Bid'ah)	6
নেতৃত্বের প্রতি লোভ ও প্রতিষেধক	4	Why Salat or Namaj & Why it is Compulsary	7

আপনি কি চাকুরী নিয়ে হতাশ ?

১ম পাতার পর

শিক্ষিত জাহেলরাই বিশেষ পেশার কথা শুনে বিরূপ ভাব প্রকাশ করে। এতে করে তথাকথিত শিক্ষিতদের প্রকৃত জ্ঞানের দৈন্যদশাই ফুটে উঠে যদিও তারা নিজেদেরকে খুব জ্ঞানী মনে করে।

পরিচ্ছন্ন পেশাঃ ভাল পেশা বলতে কিছু স্বীকার না করলেও আমরা পরিচ্ছন্ন পেশার কথা শুনে থাকি ও তা আমলে নেই। পেশা সমূহের মধ্যে কিছু আছে যার গোড়াই গভগোল সম্পর্কিত। যাবতীয় পেশা নির্বাচনের সময় শুধু পারিশ্রমিকের পরিমাণ দেখাই শেষ নয়। কাজের ধরন, এর পরিবেশ, আপনার নিয়োগকর্তার বৈশিষ্ট্য ইত্যাদি দেখে নেবার সুযোগ থাকলে তা একটি ভাল সিদ্ধান্ত নিতে সহায়ক হয়। কোন চাকুরী করতে গিয়ে যদি আপনি আগেভাগেই জানতে পারেন যে এ কাজে আপনার নীতি নৈতিকতা বিসর্জন দিতে হবে, কিংবা আপনার উপর আল্লাহর যে অধিকার আছে তা খর্ব হবার সম্ভাবনা সুস্পষ্ট, এ ধরনের কাজ বা পেশা না নেওয়া ভাল। এতে আল্লাহ খুশী হন এবং মূলত এটা আল্লাহর পক্ষ হতে আপনার জন্য একটি পরীক্ষা। আর এ পরীক্ষায় যদি আপনি উত্তীর্ণ হতে পারেন তাহলে নিশ্চয় আল্লাহ আপনাকে উত্তম প্রতিদান দেবেন। আল্লাহ বলেনঃ

“হে নবী, তাদের বল, পাক ও নাপাক কোন অবস্থায় এক রকম নয়, নাপাক জিনিষের প্রাচুর্য তোমাদেরকে যতই আসক্ত ও আকৃষ্ট করুক না কেন” সূরা ৫ আল-মায়েদা ১০০।

অর্থাৎ সুস্থ ও স্বাভাবিক পথে ৫০০ ডলার উপার্জন, আর অসুস্থ ও অস্বাভাবিক পথে ২০০০ ডলার বা তারও বেশী উপার্জন এক নয়। একজন প্রকৃত বুদ্ধিমান মানুষের জন্য প্রথমটিই শ্রেয়। কেবল পরকালের ভয় যদি আপনার ভেতরের পশুকে দমন করার জন্য যথেষ্ট না হয় তাহলে বিষয়টি এভাবে বিবেচনা করুন : অবৈধভাবে অর্থ উপার্জনের প্রভাবে আপনার জীবনের কোন না কোন পর্যায়ে শারীরিক ও মানসিক বিপর্যয় নেমে আসবে। এতে যে পরিমাণ ক্ষতি হবে তা আপনার অবৈধভাবে কামানো অর্থের তুলনায় অনেক বেশী। অবৈধ অর্থ কামাইয়ের অশুভ প্রভাব পরিবারের অন্যান্য সদস্য যারা আপনার উপর নির্ভরশীল তারাও অনুভব করবে। এর জ্বালায় আপনি ধরফর করবেন, দুনিয়ার সবকিছু তেতো মনে হবে। কিন্তু এ তুফান হতে নিজেকে উদ্ধার করে নিরাপদ স্থলে সরিয়ে নেয়া সম্ভব নাও হতে পারে। আল্লাহ আমাদের এ ধরনের আত্মঘাতী কাজ হতে পানাহ দিন। আমিন।।

নামায পূর্ণরূপে আদায় হইয়া গেলে
তোমরা পৃথিবীতে ছড়াইয়া পড়; আল্লাহর দান-
জীবিকা উপার্জনের চেষ্টা কর এবং এই প্রচেষ্টা
ব্যাপদেশে আল্লাহকে খুব বেশী করিয়া স্মরণ কর।
তবেই সম্ভবত তোমরা কল্যাণ লাভ
করিতে পারিবে। (সূরা আল- জুম্মাঃ ১০)

অমুসলিমদের মধ্যে দ্বীন প্রচার

অমুসলিমদের নিকট দাওয়াতী কাজ আপাতদৃষ্টিতে কঠিন মনে হলেও এটি দাওয়াতী কাজের সবচাইতে সহজ উপায়। এ কাজের তড়িত ফল পাওয়া যায়। একজন অমুসলিম ইসলাম সম্বন্ধে কোন নির্ভরযোগ্য জ্ঞানের অধিকারী হয়না। তবে তারও কিছু বন্ধ ধারণা থাকে ফলে সে তার নিজের বিশ্বাসের উপর অটল থাকার চেষ্টা করে। বুঝে হোক না বুঝে হোক সে তারটি ধরে রাখতে চায়। নবী রাসূল ও তাদের সঙ্গীগণ ব্যক্তিগত চরিত্রের ছাপ ও সহজ সরল বৈশিষ্ট্যের প্রভাবে অন্যদের আকৃষ্ট করতেন। ইসলামী চরিত্র মানবতার সর্বোৎকৃষ্ট রূপে আবির্ভূত হয়। একজন অমুসলিম সেটি দেখে অভিভূত হয়ে দ্বীন গ্রহণ করেন।

সম্প্রতি কানাডা প্রবাসী একজন বাংলাদেশী দা'য়ী তার সকল সহকর্মীকে আল-কোরআনের ইংরেজী অনুবাদ সহ অন্যান্য কিছু ইসলামী সাহিত্য উপহার দেন। মাঝে মাঝে কথা প্রসঙ্গে তাদের ইসলাম সম্বন্ধে জানার আগ্রহ সৃষ্টি করেন। একজন স্থানীয় যুবক এতে উৎসাহ বোধ করে। সে আরো বই পুস্তক পড়তে আগ্রহী হয়ে উঠে। ঘটনা দেখে বাংলাদেশী দা'য়ী ভাইটি আরো সিরিয়াস হয়ে তার উপর দাওয়াতী কাজ করতে লাগলেন। এক পর্যায়ে অবস্থার উন্নতি দেখে যুবকটি ইসলাম গ্রহণের আগ্রহ প্রকাশ করে। দা'য়ী ভাইটি তাকে মাস খানেক পর রমজান মাসে বুঝে শুনে দ্বীন গ্রহণ করার পরামর্শ দেন। যুবকটি এতে ধৈর্য ধরে সেদিনকার মত চলে গেল। কদিন পর এসে বলল আমি যদি রমজান আসা পর্যন্ত অপেক্ষা করতে গিয়ে আজ বা কাল মারা যাই তাহলে তোমার কুরআন অনুযায়ী সোজা জাহান্নামে যাবো। সুতরাং আর দেরী নয় আমি এক্ষুণি কালিমা পড়ে ইসলাম গ্রহণ করতে চাই। আলহামদুলিল্লাহ। ২০০৬ রমজানের মাস খানেক আগেই ঐ কানাডিয়ান নাগরিক ইসলাম গ্রহণ করে।

সুতরাং অমুসলিমদের ক্ষেত্রে দাওয়াতী কাজ করতে গেলেও ব্যক্তির অবস্থা, মানসিকতা, কোন বিশ্বাসের প্রতি সে বর্তমানে প্রতিশ্রুতিবদ্ধ ইত্যাদি বুঝে দ্বীনের দাওয়াত দেয়া যেতে পারে। একটি সতর্কতা সবসময় অবলম্বন করে যেতে হবে। তর্ক এড়িয়ে চলা। তর্কের মাধ্যমে কোন সত্য উপনীত হওয়া যায়না। ইসলামের পজিটিভ দিকগুলি মানুষের নিকট তুলে ধরে সেদিকে আকৃষ্ট করলে ভালো ফল পাওয়া যায়। দাওয়াতী কাজে সকল সময় হিকমত অবলম্বন করতে হবে।

রাসূলুল্লাহ সঃ এর দাওয়াতী কাজের প্রাথমিক যুগে পুরো সমাজটাই ছিল জাহেলিয়াতের মুঠোয়। তিনি যে দ্বীন প্রচারে নেমেছিলেন তাতে মানুষের দ্বীন গ্রহণের প্রবনতা নেহায়েত কম ছিল। তথাপি অধিকাংশ ক্ষেত্রে দ্বীন গ্রহণের মূলে কাজ করেছে ব্যক্তিগত সম্প্রীতি, ভাল ব্যবহার, উদ্দেশ্যের খোলামেলা প্রকাশ ও আলোচনা, গোজামিলের আশ্রয় না নেওয়া, মানুষের প্রতি ভালবাসা, ন্যায়বিচার, ইনসাফ ও ইহসান ইত্যাদি। আমরা যদি দাওয়াতী কাজ করে ফল পেতে চাই তাহলে নিজেদের সেভাবে প্রস্তুত করে নিতে হবে। আশা করা যায় নিয়মিত দাওয়াতী কাজ একজন ব্যক্তির আত্মগঠনে ব্যাপক সাহায্য করবে। এভাবে আল্লাহর সন্তুষ্টি অর্জন সম্ভব হবে। তার সন্তুষ্টি অর্জনের লক্ষ্যই আমরা সকল কাজ করে থাকি।।

আপন স্ত্রীকে ভালবাসুন অন্যকে নয় !

আর একটি ঘটনাঃ বেপরোয়া (ছদ্মনাম) ভাই একজন মধ্যবয়স্ক মুসলিম। দুই সন্তানের জনক। সুখী স্বচ্ছল ও নির্বাজাট পরিবার। স্বামী স্ত্রীর মধ্যে মৌলিক কোন সমস্যা নেই। স্ত্রীর সবচাইতে ঘনিষ্ঠ বান্ধবী গত কয়েকমাস যাবত এ বাসায় আসা যাওয়া করছেন। বিষয়টিতে আপাত দৃষ্টিতে কোন আপত্তিকর উপাদান নেই। বেপরোয়া ভাইয়ের স্ত্রী সরল বিশ্বাসে এ বান্ধবীকে তার বাসায় অবাধে আসা যাওয়ার অনুমতি দিয়ে রেখেছেন। বর্তমানে ইনি স্বামীহীন (কি কারণে ইনি স্বামীহীন তা আমাদের জানা নেই) কিন্তু কয়েক সন্তানের মা। ক্রমাশয়ে ঘনিষ্ঠ হয়ে তিনি তার বান্ধবীর স্বামী বেপরোয়া ভাইকে ঘায়েল করেন। স্বপ্ন সময়েই বেপরোয়া ভাই এই ভাইনিকে কাছে পাওয়ার জন্য ব্যাকুল হয়ে উঠেন। তার স্ত্রী কিছু বুঝে উঠার আগেই বেপরোয়া ভাই Point of no return এ পৌঁছে হাবুডুবু খাচ্ছেন।

বেপরোয়া ভাই কোন ভনিতা ছেড়ে সোজা পথ ধরলেন। ডাইরেক্ট এ্যাকশন। তিনি এ মহিলাকে বিয়ে করবেন। শুনে তো স্ত্রীর আক্কেলগুডুম! অজ্ঞ মুর্খরা যা রিএকশন দেখায় তিনি তার ব্যতিক্রম হবেন কেন। ইনিয়ো বিনিয়ো বলেছিলেনঃ আমার বান্ধবী হয়ে তুই আমার এ সর্বনাশ করলি? যাকে বিশ্বাস করে ঘরে আসার সুযোগ দিয়েছিলাম সেই আমার সর্বনাশ করলি? এসব অর্থহীন আজো বাজে কথা। বেপরোয়া ভাইতো তখন আর এ ধরনীতে নেই। তিনি তখন স্বপ্নীল হাওয়ায় ভেসে বেড়াচ্ছিলেন। কখন তার স্বপ্নের সাথীটিকে একান্তে আপন করে পাবেন। ঘটনাক্রমে শুনা গেছে যে বেপরোয়া ভাই তার বহুবছরের সঞ্চয় করা অর্থ ব্যাঙ্ক হতে তুলে তার নতুন সাথীর জন্য বাড়ী ভাড়া করেছেন। হানিমুনে যাওয়ার জন্য পার্শ্ববর্তী দেশ পছন্দ করেছেন। পর্যায়ক্রমে তিনি সব পরিকল্পনাই বাস্তবায়ন করেছেন। নিজ স্ত্রীকে Divorce দিয়ে ঐ মহিলাকে বিয়ে করেছেন। হানিমুনে গিয়েছেন। ফিরে এসে মাস খানেকের মাথায় বেপরোয়া ভাই স্বপ্নের

আকাশ হতে ধরনীতে ফিরে এসেছেন। হুঁশ ফিরে এসেই দেখেন তার নতুন সাথীটির মূল টার্গেট কেবল ভালবাসা নয়। বেপরোয়া ভাইয়ের ভালবাসা ছাড়া তিনি তার অর্থের সিন্ধুকের চাবিটিও চান। বেপরোয়া ভাই হানিমুন হতে ফিরে এসে ধীরে ধীরে জেগে উঠা শুরু করেছেন। হিসেব মিলাতে গিয়ে বুঝতে পারছেন দীর্ঘ ২৫ বছরের সংসার, স্ত্রী, কন্যা, নাতনী সবই কেবল ক্ষণিকের ভালবাসা নামক উন্মাদনায় নিঃশেষ করে দিলেন? অবশেষে তিনি এ ভাইনিকে ত্যাগ করে তার কয়েক মাসের Adventure এর ইতি টানলেন। বহু অনুনয় বিনয়ের মাধ্যমে, গার্জিয়ানদের হাতে পায়ে ধরে তওবা করে তার স্ত্রীর ক্ষমা ভিক্ষার মাধ্যমে স্বাভাবিক জীবনে ফিরে গেছেন।

ঘটনা হতে শিক্ষা : আশা করি আমরা সকলে এ ঘটনা হতে শিক্ষা নেব। বেপরোয়া ভাইয়ের স্ত্রী কখনো স্বপ্নেও ভাবতে পারেনি যে তার ফেরেশতাভূত্ব স্বামী (একটি সঙ্গত কারণেই সব স্ত্রীরা স্বামীকে সাধু মনে করেন) এমন একটি কাজ করতে পারেন। আফসোসের বিষয় হলো আমরা কেউ নিজেকে Vulnerable মনে করি না। আমাদের আত্মবিশ্বাস ও শয়তানের ব্যাপারে অস্বচ্ছ জ্ঞান নিজেদের সর্বনাশ ডেকে আনায় সহায়তা করে। সকল স্বামী মনে করেন আমার স্ত্রী পৃথিবীর সেরা, সকল স্ত্রী মনে করেন আমার স্বামী সচরিত্রবান। কথা ঠিক, আপনার স্বামী ফুলের মত পবিত্র, আপনার স্ত্রী বিশ্বস্ত। কিন্তু শয়তানকেও কি বিশ্বাস করা যায়? মূল ঘটনা তো ঘটায় শয়তান। আমাদের আপত্তি এখানে। আমরা যেন শয়তানকে এক মুহূর্তের জন্যেও বিশ্বাস না করি। শয়তানের ঘোষণাই তো মানুষের ক্ষতি করা। সুযোগের অপেক্ষায় থাকা। আর সময় ও সুযোগ পেলেই কাজে লাগিয়ে ভাল মানুষদের ধ্বংস করে দেয়া। সূরা আরাফ এর ১৭ আয়াতে আছেঃ

“আমি (শয়তান) এদের (মানব জাতির) সামনে থেকে আসবো, পিছন থেকে আসবো, ডান দিক থেকে আসবো, বাম দিক থেকে আসবো”। এ আয়াতের ঘোষণা সত্ত্বেও আপনি যদি সতর্ক না হোন তাহলে আপনার জন্য আমাদের বিশেষ দোয়া করা ছাড়া কিই বা করার আছে।।

রমজানের উদ্দেশ্য

১ম পাতার পর

রোযা আল্লাহর সত্তার ওপরে দৃঢ় বিশ্বাস এবং তার অনুগ্রহ ও অসন্তোষের গভীর অনুভূতির সৃষ্টি করে। সারাদিন ক্রমাগত কয়েক ঘন্টা ধরে প্রবৃত্তির একেবারে মৌলিক ও প্রয়োজনীয় দাবী পূরণ থেকে বিরত থাকার কারণে মানুষের ওপর এ প্রভাব পড়ে যে, সে চরম অক্ষম, অসহায় ও মুখাপেক্ষী হয়। সে জীবনের প্রতি মুহূর্তের জন্যে আল্লাহর রহম ও করমের ভিত্তি হয়। তারপর সে যখন তার জীবনকে আল্লাহর নিয়ামতে সমুদ্র দেখতে পায়, তখন সে আল্লাহর মহব্বতের আবেগ উচ্চাসে উদ্ভুদ্ধ হয় এবং আন্তরিক আগ্রহ সহকারে আল্লাহর আনুগত্য ও বন্দেগীতে তৎপর হয়। তখন সে নিভূতে তার প্রবল যৌন বাসনাকে সংযত করে রাখে যেখানে আল্লাহ ছাড়া দেখার কেউ থাকে না তখন তার মনে আল্লাহর ভয় তীব্র থেকে তীব্রতর হয়। ফলে তার মনের ওপর আল্লাহর মহত্ত্ব ও শ্রেষ্ঠত্বের এমন ছাপ পড়ে যে গোনাহের চিন্তা করতেও তার শরীর কেঁপে ওঠে।

প্রকৃত রোযা

রোযার এ মহান উদ্দেশ্য তখনই হাসিল করা যেতে পারে, যখন রোযা পূর্ণ অনুভূতির সাথে রাখা হয় এবং ঐ নিষিদ্ধ কাজ থেকে রোযাকে রক্ষা করা হয় যার প্রভাবে রোযা প্রাণ হীন হয়ে পড়ে। প্রকৃত রোযা তো তাই যার সাহায্যে মানুষ তার মন মস্তিষ্ক ও সকল যোগ্যতাকে আল্লাহর নাফরমানি থেকে বাঁচিয়ে রাখবে এবং প্রবৃত্তির চাহিদা পদদলিত করবে। নবী (সাঃ) বলেন :

“তুমি যখন রোযা রাখবে তখন তোমার কর্তব্য হবে তোমার কান, চোখ, মুখ, হাত, পা এবং সকল অংগ-প্রত্যংগকে আল্লাহর অপসন্দনীয় কাজ থেকে বিরত রাখা।” (কাশফুল মাহজুব)

“যে ব্যক্তি রোযা রেখে মিথ্যা কথা বলা এবং মিথ্যা আচরণ থেকে বিরত হলো না, তার ক্ষুধার্ত ও পিপাসার্ত থাকায় আল্লাহর কোনো প্রয়োজন ছিল না।” (বুখারী)।।

পাঠক প্রতিক্রিয়া “সূদে বাড়ি কেনা যাবে কি?”

প্রিয় পাঠকবৃন্দ আসসালামুআলাইকুম : গত সংখ্যায় আমরা প্রকাশ করেছিলাম “কানাডায় সূদে একটি বাড়ি কেনা যাবে কি না?” কেউ কেউ এই আর্টিক্যালের শুধু হেডিং পড়েই মন্তব্য করেছেন যে “মানুষতো ভুল পথে পরিচালিত হবে অর্থাৎ মানুষ তো সূদে বাড়ি কিনে ফেলবে”। যারাই এই মন্তব্য করেছেন তারা ভেতরের আর্টিক্যাল না পড়েই শুধু হেডিং পড়ে মন্তব্য করেছেন। তাই আমি আপনাদের অনুরোধ করব সম্পূর্ণ আর্টিক্যালটা পড়ার জন্য। স্ক্রিপ্টের বিশিষ্ট ইসলামিক স্কলার ডঃ ইউসুফ কারজাতীর নর্থ আমেরিকায় সূদে একটি বাড়ি কেনার ব্যাপারে ৩টি লজিক্যাল শর্ত সাপেক্ষে ফতোয়া দিয়েছেন। অনেকে এই ফতোয়ার শুধু আংশিক নিয়ে (শর্তগুলো বাদ দিয়ে) বাড়ি ক্রয় করেছেন অর্থাৎ ফতোয়ার অপব্যবহার করছেন।

তাই এই আর্টিক্যালের মাধ্যমে আমরা ডঃ ইউসুফ কারজাতীর ফতোয়াটি (ইংরেজীকে বাংলায় Translate) করে কুরআন ও হাদীসের রেফারেন্স সহকারে বিস্তারিত পরিষ্কারভাবে তুলে ধরার চেষ্টা করেছি মাত্র। প্রিয় পাঠকবৃন্দ, ডঃ কারজাতীর এই ফতোয়ার শর্ত ৩টি আমাদের কারো বেলাই প্রযোজ্য হয় না, তাই এই নর্থ আমেরিকায় কিছুতেই সূদে একটি বাড়ি কেনা যাবে না। আপনি নিজেও সরাসরি ইন্টারন্যাশনাল ইসলামীক শরিয়্যা কাউন্সিল থেকে এই ব্যাপারে জেনে নিতে পারেন। আশা করি কোন পাঠকই শুধু প্রতিকার একটি হেডিং পড়ে (বিস্তারিত না পড়ে) লক্ষ লক্ষ ডলার দিয়ে কুরআনে নিষিদ্ধ (হারাম) সূদে বাড়ি কিনে ফেলবেন না। The Message এর পুরোনো কপি গুলো website এ available www.message4all.net

আপনার এবং আপনার স্ত্রীর জন্য সিলেবাস

আপনার নিজস্ব পরিকল্পনার পাশাপাশি নিচের বইগুলো দেশ থেকে আনিয়া নিতে পারেন অথবা টরন্টো থেকেও কিনে নিতে পারেন।

কোরআনের তাফসীর : (১) তফসীর ফাতহুল মাজীদ বা (২) ফীযিলালিল কোরআন বা (৩) তাফসীরে ইবনে কাসীর।

সংকলিত হাদীস গ্রন্থ : (১) রিয়াদুস সালাহীন -১ম ও ২য় খন্ড (২) এস্তেখাবে হাদীস এবং (৩) যাদে রাহ

রাসূল সং এর জীবনী : (১) আর রাহিকুল মাখতুম বা (২) মানবতার বন্ধু মোহাম্মদ সং

সাহাবীদের জীবনী : (১) আসহাবে রাসূলের জীবনকথা - ১ম ও ২য় খন্ড (২) মহিলা সাহাবী - তালেবুল হাসেমী

ফেকাহ : (১) আপনাদের প্রশ্নের জওয়াব -১ম ও ২য় খন্ড এবং (২) ফতোয়া

সম্মানিত পাঠকবৃন্দ

আসসালামুআলাইকুম, আপনাদের নিকট হতে কুরআন ও হাদীস ভিত্তিক মানসম্পন্ন লেখা পাঠানোর জন্য অনুরোধ জানানো হচ্ছে এবং আপনাদের সকলের সহযোগীতা একান্ত কাম্য।

প্রতিটি ইসু এই প্রবাস জীবনে আপনার-আমার একটি সুখী ও সুন্দর পারিবারিক জীবন গঠন করতে সাহায্য করবে ইনশাআল্লাহ। প্রতিটি সংখ্যা ব্যক্তিগতভাবে সংরক্ষণ করুন, একটি মোটা বাইন্ডারে থ্রী হোল পান্চ করে অর্গানাইজড ওয়েতে রাখতে পারেন।

সম্মানিত পাঠকের মতামত, ভুল সংশোধন ও দৃষ্টি আকর্ষণ email এ জানালে আগামী সংখ্যায় তা প্রতিফলিত হবে ইনশাআল্লাহ।

নেতৃত্বের প্রতি লোভ

নেতৃত্বের প্রতি লোভ : এ খারাপ গুণটি নেই এমন কোন রক্ত মাংসের মানুষ সম্ভবত পাওয়া যাবেনা। যোগ্যতার বিষয়টি চিন্তা না করে কেবল লোকের দৃষ্টিতে সম্মান বাড়বে মনে করে বেশীর ভাগ লোকই নেতা হতে চায়। অধিকাংশ প্রার্থীই নেতার দায় দায়িত্ব সম্পর্কে গাফেল থাকে। কেবল নেতা হওয়ার প্রতিযোগিতায় কত লোক যে দাস্তা হাসামায় জড়িত হয়ে জীবন হারায় স্বাধীনতার পর হতে আজ পর্যন্ত তার পরিসংখ্যান নিলে সংখ্যাটি অযুত ছাড়িয়ে যাবে।

বিদেশে বাংলাদেশী সংগঠনগুলিতে এ রোগের যথেষ্ট লক্ষণ রয়েছে। কোথাও কোথাও এ ইস্যুতে পুলিশের সাহায্য নিতে হয়েছে। এক পক্ষের হবু নেতার সমর্থক অন্য পক্ষকে ঘায়েল করার হুমকির কারণে পুলিশী হস্তক্ষেপ কোন অবিশ্বাস্য ঘটনা নয়।

এ রোগের খেসারত দিতে হচ্ছে পুরো জাতিকে, আক্রান্ত সংগঠনকে, প্রতিষ্ঠানকে। একজন অযোগ্য ব্যক্তি যিনি নেতৃত্বের দায়দায়িত্বের কথা চিন্তা করে এ হতে দূরে থাকেন, অপর আরেক ব্যক্তি হতে উত্তম যিনি অপেক্ষাকৃত যোগ্য কিন্তু নেতৃত্বের গুরু দায়িত্ব সম্পর্কে বেখেয়াল। এর কারণ প্রথম ব্যক্তি নিজেকে যোগ্য মনে না করে নেতৃত্বের খায়েশ হতে দূরে থাকলেও তাকে যদি দায়িত্ব দেওয়া হয় তাহলে সে প্রতি মুহূর্তে তটস্থ থাকবে, তার অধিনস্থদের কল্যাণের কথা মাথায় এনে ফিকির করতে থাকবে কিভাবে অবস্থার উন্নতি করা যায়। পরে সে নিজেকে ক্রমাশয়ে এডজাস্ট করে নেবে ও তার মধ্যে ধীরে ধীরে যোগ্যতার সৃষ্টি হয়ে যাবে।

প্রতিষেধক : যাদের নেতৃত্বের প্রতি উগ্র লোভ আছে, যেসব ব্যক্তি নেতা হওয়ার জন্য বেপরোয়া আচরণ করেন, যারা নেতা হওয়ার জন্য নির্লজ্জ কাজ করতে দ্বিধা করেনা তাদের কোন অবস্থাতেই নেতা নির্বাচন করা উচিত নয়। এ ব্যাপারে অন্যরা একটি গুরুত্বপূর্ণ কথা বুঝতে হবে যে এ ধরনের ব্যক্তির যতই যোগ্যতাসম্পন্ন হোকনা কেন তাদের দ্বারা কমিউনিটির প্রকৃত কোন কল্যাণলাভ সম্ভব নয়। আপাতদৃষ্টিতে যদিও তারা কিছু চমক দেখাতে সক্ষম হবে কিন্তু এর শেষ পরিণতি সর্বদা করুণ ও হতাশাব্যঞ্জক হবে।

সংগঠন রাজনৈতিক, ধর্মীয় বা সামাজিক যাই হোক না কেন এ বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা জরুরী। এ সকল সংস্থার মধ্যে প্রশিক্ষণের কথা কখনো শোনা যায়নি। তাদের অন্যান্য কর্মসূচী নিয়ে ব্যস্ত দেখা যায়, এ প্রোগ্রাম সে অনুষ্ঠান ইত্যাদি নিয়ে ব্যস্ত সংগঠন সারা বছর কমপক্ষে দুটি নৈতিক প্রশিক্ষণের কর্মসূচী হাতে নেওয়া উচিত। সেখানে সর্বজন শ্রদ্ধেয় সং চরিত্রের অধিকারী কোন উচ্চ শিক্ষিত ব্যক্তিত্বকে স্পীকার বানিয়ে সংগঠনে পদের অধিকারী সকল কর্মকর্তাকে প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে। আমরা এখানে যে কটি মৌলিক দুর্বলতা আলোচনা করছি এর সকল বিষয়ে একটি করে লেকচারের আয়োজন করা জরুরী। যে যত শিক্ষিত হয় সে ঠিক সে পরিমাণ নৈতিক শক্তি অর্জন করা কল্যাণকর। এর অভাবে উচ্চ শিক্ষিত ব্যক্তি শিক্ষার কলা কৌশল পশুর গুণাবলী প্রসারে ব্যবহার করে সমাজে বিপর্যয় ডেকে আনে। সে একজন শিক্ষিত পশুতে পরিণত হয়। তার আচরণ, কথাবার্তা, অভিমত, যুক্তি তর্ক ইত্যাদিতে সে ছাপ পরিলক্ষিত হয়।।

ক্যানাডায় আমার সন্তানকে কী শিক্ষা দিবো?

(ধারাবাহিক পর্ব)

আসুন আমরা কিছু করণীয় শিখে নেই। এগুলো চর্চার মাধ্যমে আশা করা যায় আমাদের সন্তানগণ ছোট অবস্থা হতেই নিজেদেরকে টেকনোলজীর গোলাম না হয়ে আল্লাহর গোলাম হিসেবে বড় হবে। অর্থের পূজারী না হয়ে ন্যায় ও ইনসাফের ধারক হবে। Materialism এর দাস না হয়ে দ্বীনের সেবক হবে। উম্মাদনা আর উত্তেজনা সৃষ্টিকারী উপাদানের প্রতি লালায়িত না হয়ে যুক্তি, বুঝ আর বিবেক বুদ্ধি সম্পন্ন কাজের জন্য লালায়িত হবে।

এক : একজন মুসলিম ভবিষ্যতে কোন কাজ করার আশ্রয় বা সম্ভাবনা প্রকাশ করলে ইনশাআল্লাহ (অর্থাৎ আল্লাহ চাইলে) বলা। কখন তা বলতে হবে তার উদাহরণ সহ আপনি অনুশীলন করুন। যেমন বলুনঃ ইনশাআল্লাহ আমরা আগামী স্কুল হলিডেতে দাদা-দাদী/নানা-নানীকে দেখতে ঢাকা যাবো। অথবা আগামী পরীক্ষায় আমি ভাল রেজাল্ট করব ইনশাআল্লাহ।

মহান আল্লাহ আমাদের এটি কোরআনে শিখিয়ে দিচ্ছেন : আর মনে রেখো কোন জিনিস সম্পর্কে কখনো একথা বলা না যে, আমি কাল এ কাজ করবো। (তুমি আসলে কিছুই করতে পার না), যদি তা আল্লাহ না চান। সূরা কাহফ ২৩।

দুই : কোন মুসলিম ঘরে প্রবেশের পূর্বে উচ্চ স্বরে সালাম দিয়ে সালামের জবাবের জন্য অপেক্ষা করে সে ঘরে ঢোকা। নিজেদের বাসায় অপর রুমের ভেতর অনুমতি নিয়ে ঢোকা। আল্লাহ বলেন :

হে মুমিনগণ! তোমরা নিজেদের গৃহ ব্যতীত অপরের গৃহসমূহে প্রবেশ করিও না যে পর্যন্ত না অনুমতি গ্রহণ কর এবং (তৎপূর্বে) উহার বাসিন্দাগণকে সালাম কর; এ পন্থাই তোমাদের পক্ষে কল্যাণকর যেন তোমরা লক্ষ্য রাখো। (সূরা নূর : ২৭)।

তিন : কাউকে বিদ্রুপ না করা, হেয় না করা। অর্থ আর বিত্তের ভিত্তিতে মানুষকে

যাচাই না করা। কাউকে খারাপ নামে না ডাকা।

হে ঈমানদারগণ! তোমাদের একদল যেন অন্য দলের প্রতি বিদ্রুপ না করে, কেননা হতে পারে তারা এদের তুলনায় ভালো লোক আর তোমাদের মেয়েরা যেন অন্য মেয়েদের বিদ্রুপ না করে, কেননা হতে পারে এদের তুলনায় ভালো। আর তোমরা পরস্পরের দোষ খুঁজে বেড়িয়েনা, পরস্পরের জন্য অসম্মানজনক নাম ব্যবহার করো না। কেউ ঈমান আনার পর তাকে মন্দ নামে ডাকা গোনাহ। এসব কাজ থেকে যারা তওবা করে না তারা জালেম। (সূরা : হুজুরাত ১১)।

চার : কারো ব্যাপারে কুধারণা পোষণ না করা। কোন খবর শুনে তা যাচাই করে সিদ্ধান্ত নেয়া।

হে ঈমানদারগণ! খুব বেশী কু-ধারণা পোষণ থেকে বিরত থাক। কেননা অনেক কু-ধারণা গোনাহর নামান্তর। অন্যের অবস্থা জানবার জন্য গোয়েন্দাগিরি করো না। (সূরা হুজুরাত : ১২)।

পাঁচ : কোন বন্ধ ঘরে উঁকি না দেয়া। কারো গোপন বিষয় জানার চেষ্টা না করা। কোন খবর শুনে তা যাচাই করা। যাচাই না করে শুধু শুনেই একশনে না যাওয়া।

হে ঈমানদারগণ! যদি কোন ফাসেক ব্যক্তি তোমাদের নিকট কোন খবর নিয়ে আসে, তাহলে (সে সম্পর্কে চিন্তা গ্রহণের পূর্বে) অনুসন্ধান করো। (সূরা হুজুরাত : ৬)।

চলবে.....

তিন-এইজদের উপর একটি জরিপ

World Health Organization (WHO) ২০০৮ সালে ১৫ বছরের কম বয়সী ছেলেমেয়েদের উপর একটি জরিপ চালায়। জরিপে দেখা গেছে যে ব্রিটেনে এ ধরনের ছেলেমেয়েরা শতকরা ৩০ জন যৌনস্বাদ নেয়। শতকরা ৬৬ জন এলকোহল পানে মাতলামী করে, অধিকাংশই প্রতি সপ্তাহে মদ পান করে। শতকরা তিরিশজন Cannabis বা গাঁজা সেবন করে। ১৫ বছর বয়সে পৌঁছতেই শতকরা ৫০ জন ছেলেমেয়ে মদ পান করে, শতকরা ২৫ জন মেয়ে ধূমপানে অভ্যস্ত হয়ে যায়। আর এটা শুধু ব্রিটেনের চিত্র নয়। পুরো ইউরোপের সংস্কৃতিটাই এমন। জরিপে দেখা গেছে ইউরোপের যে দেশগুলিতে ১৫ বছর বয়সের মধ্যেই মেয়েরা যৌনস্বাদ নেয় তার মধ্যে সর্বোচ্চ পরিসংখ্যানে রয়েছেঃ গ্রীণল্যান্ড, ইংল্যান্ড, ওয়েলস, স্কটল্যান্ড। এ ধরনের একটি জরিপের ফলাফল আমার আপনার জন্য গ্রহণযোগ্য নয়। কিন্তু হতে পারে তাদের জন্য এটা সহনীয় ও গ্রহণযোগ্য। এর কারণ হলো জীবন সম্বন্ধে তাদের বোধ, মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি।

news.bbc.co.uk/2/health/3773659.stm

কানাডা একটি Free Sex Country অর্থাৎ ইউরোপ আমেরিকার মত এখানে ছেলে - মেয়েরা যে কোন ধরনের যৌনকর্ম সম্পাদন করতে পারে। এতে রাষ্ট্র বা পরিবারের পক্ষ হতে কোন কিছু চাপিয়ে দেয়ার বিধান নেই। তবে দুটি Soft আইনী শর্ত রয়েছেঃ উভয় পক্ষকে ১৫ বছর বা এর চেয়ে বেশী বয়সের হতে হবে এবং কাজটি উভয় পক্ষের সম্মতিতে হতে হবে। এছাড়া আর কোন আইনি বা নৈতিক বাধা নেই। এখানে একটি ছেলে আর একটি ছেলেকে এবং একটি মেয়ে আর একটি মেয়েকে Same Sex Marriage Law অনুযায়ী বিয়ে করতে পারে।

মানুষ কি মনে করে নিয়েছে যে,
আমরা ঈমান এনেছি এতটুকু বললেই
তাদের ছেড়ে দেয়া হবে -
তাদের পরীক্ষা নেয়া হবে না?

(সূরা আনকাবুত ৪২)

Reflections...

WHY HIJAB ? (Islamic Dress Code)

From 1st page

Islam prescribes a more conservative minimum dress code for both men and women. In Islam, both men and women are expected to dress simply, modestly, and with dignity. A man must always be covered in loose and unrevealing clothing from his navel to his knee. This is the absolute minimum covering required. He must never, for example, go out in public wearing a short bathing suit.

When leaving the home, a Muslim woman must at least cover her hair and body in loose and unrevealing clothing, obscuring the details of her body from the public; some also choose to cover their face and hands.

The wisdom behind this dress code is to minimize sexual enticement and degradation in society as much as possible for both men and women. Obeying this dress code is a form of marriage. In contrast, Islam encourages

See Page-7

THE DANGERS OF INNOVATIONS IN ISLAM (BID'AH)

Allah ordered Muslims not to divide themselves into sects. Innovations and divisions in matters of religion and worship within Islam are considered to be Contamination, error, and deviation.

Earlier heinous deviations from monotheism, such as worship-ping creation, resulted in condemnation by Allah. (However, innovations in other matters, such as science and technology to improve life, are greatly encouraged.) Allah, The Most Compassionate, has told us through His last Prophet Muhammad (PBUH), when Muhammad was nearing the end of his life, that He had completed the religion of Islam.

Muslims must recognize that any change in matters of worship is strictly forbidden. No change introduced by humankind, who is constantly under the influence of Satan, could ever add anything positive and would only contribute to the degradation of the completed and perfected religion established by Allah.

All innovations in matters of religion lead to straying, and all straying leads to hellfire. People must not allow any deviation (addition or deletion), even as small as one degree, in matters of worship. If any changes are allowed, those deviations will be compounded by future generations, and the result will be another manmade religion, not the Islam as it was perfected by Allah, The Truth. To build a faith using a 'shopping cart' approach or the blind following of any religious leader is in-admissible.

The changing of Allah's laws is forbidden in Islam. Allah condemns religions leaders who alter divine principles. One who attempts to make changes places him or herself on the same level with Allah, committing polytheism. An example of this would be to make the killing of innocents lawful. The laws of Allah are perfect and do not need to be 'modernized' by anyone. Allah allows us the freedom to obey or disobey Him by choosing to follow His faith or to follow our own desires. However, He forbids us to change His religious principles.

(It is interesting to note that crescent moon is not representative of the religion of Islam, as the Prophet Muhammad (PBUH) never used or mentioned it. It was a pagan symbol and an innovation brought about by later generations as a political symbol. Sadly, it is commonly adopted and mistaken as an Islamic symbol.)

An Interesting Story from Hadith:

Ibn Omar reported that the (beloved) Prophet (S.A.W) said: "While three men were walking (traveling) the rain overtook them. Then they entered the cave of the mountain. While they were in the cave a huge rock of the mountain then fell down over the mouth of their cave and completely shut them in. In this difficult time there was no other obvious material source of rescue. They said to one another "let us recall the good deeds, which we did sincerely for Allah (S.W.T).

Make dua (supplication) to Allah (S.W.T)" by acceptance that He (S.W.T) may rescue us. So to Allah (S.W.T) by saying: "O Allah (S.W.T) I for whom I used to graze sheep. Whenever I first to my parents to drink before my children. evening. Then I found them (parents - mum and with milk as I used to do (and did not disturb their in the state of not liking to begin dinner with children crying at my feet.

*Love
Your Parents*

mentioning those good deeds as a source of one of them mentioned one of his special deeds had old and weak parents and young children went to them at night, I took milk and gave it One day I could not return home till it was dad) had fallen asleep. I had came to them sleep) but I remained standing near their heads before them (mum and dad), while the children were

This affair of theirs and mine continued till it was dawn. If my deed as you know was for to seek your pleasure then rescues us and make for us an opening from which we see the horizon according, Allah (S.W.T) made an opening from them till they saw the horizon. The other two also remembered their good deeds by which they made dua to Allah (S.W.T) in this difficult time and Allah (S.W.T) helped them and the huge rock was removed from the opening of the cave." (See Sahih Al-Bukhari & Sahih Al-Muslim) It has become very easy for us to understand that doing good for our parents and being obedient sons and daughters to them, we can become good servants to Allah (S.W.T). The huge rocks of difficulties will be removed from our ways if we can prove to be the helpful and beneficial to our fellow human beings.

WHY SALAT (Namaj)

The human being is the only creature who has been distinguished from other creatures with the instinct of knowing right from wrong. He is, therefore, the only one who is expected to be the perfect image of his Creator. That is why the objective of his life is to know his Creator and become a perfect image of his attributes, as Allah says in the Holy Qur'an: *"I have not created jins and humans but, for my worship"*

SALAT or the method of worship is the main media through which a human can establish a relationship with his Creator and it is one of the main doors which leads to his complete submission to Allah's will. Salat also prevents him from wrongdoings. Allah says:

"Surely prayer restrains one from indecency and manifest evil." Which shows that Salat or prayer is a guarantee from Allah that if a worshipper observes prayer with all its conditions, he will be safe from evils, manifest or hidden, small or great. The Holy Prophet (peace be on him) asked to the companions, *"if one of you had a stream running by his door and he takes a bath in it five times a day, would any dirt be left on him?."*

They replied! *"No dirt would be left on him"*. The Holy Prophet said: *"This is the case with Salat (the five daily prayers) Allah makes the Salat wipe out his sins"*. When we reflect on the creation of the universe and the law that governs it and the design and variety that pleases our eyes, we naturally are convinced of existence and greatness of Allah. Allah says in the Holy Quran:

"In the creation of the heavens and the earth and in the alternation of the night and the day there are indeed signs for men of understanding;" Those who remember Allah while standing, sitting, and lying on their sides, and ponder over the creation of the heavens and the earth: *"Our Lord, Thou hast not created this in vain; nay, Holy art Thou; save us, then, from the punishment of the Fire."* (Aal-e-Imran, v191-192)

This verse beautifully tells us that when a worshipper reflects upon the structure of the Universe he becomes overwhelmed with the greatness of its Creator.

The ENTITY Who created such an awe-inspiring structure with such detailed arrangement and accuracy. He is alone to be worshipped and so right for protection.

There are five daily prayer services participation in which is obligatory. This may seem a little too much, but it is all a matter of comparative values. Those who realize the true value of prayer through experience are convinced that time spent in it is occupied much more beneficially than that spent in other pursuits.

There is no ordained priesthood in Islam. Every Muslim can be Imam (who leads congregational prayer) and can deliver a sermon. The members of the congregation may select, and for this purpose, they should choose one from among themselves who knows the Holy Quran better than the others. No vestment is prescribed for the Imam nor any special dress for the congregation. All that needed is the body and the head should be decently and cleanly covered.



VISIT AUTHENTIC ISLAMIC WEBSITE

Following websites provide very valuable information about Islam. We might not necessarily agree with the views expressed on every site.

www.whyislam.org , www.islam.org
www.islam-guide.com , www.latinodawah.org
www.jews-for-allah.org , www.islaminfo.com
www.iad.org , www.beconvinced.com
www.thetrueislam.org , www.viewislam.com
www.irf.net , www.islam101.com
www.discoverislam.com , www.talkislam.org
www.islam-usa.com/index.html
www.soundvision.com ,
www.muslimbridges.org
www.MuslimHeritage.com , messageonline.org
www.alhambraproductions.com
www.islamcode.com/index.html
www.bdislam.com , www.muslimville.com
www.eat-halal.com

WHY HIJAB?

After 6th Page

sex appeal and physical attraction for both men and women within the privacy between married couples.

Some Western observers have assumed that the head covering of a woman is meant to show her inferiority to men. This could not be further from the truth. In Islam, a woman who dresses this way commands respect, and through her modesty, she rejects sexual servitude. The message that the woman gives when she wears Islamic dress in society is, "Respect me for who I am. I am not a sex object."

Islam teaches that the consequences of immodesty fall not only on the individual but also upon the society that permits women and men to mingle freely, display themselves, and compete or allure one another through sexual attraction. These consequences are significant and cannot be ignored. To make women into sex objects for the pleasure of men is not liberation. In fact, it is a dehumanizing form of oppression rejected by Islam. The liberation of the Muslim woman is that she is recognized by the content of her character rather than by the display of her physical attributes. From the Islamic point of view, "liberated" Western women- who must often worry about their looks, figure, and youth for the pleasure of others- are trapped in a form of slavery.

"O Prophet! Tell thy wives and thy daughters and the women of the believers to draw their cloaks close round them (when they go abroad). That will be better, that so they may be recognized and not annoyed. Allah is ever Forgiving , Merciful".
[Sura Ahzab: 59]

HALAL AWARENESS

Awareness of Halal and Haram is an important part of Islamic living in North America. To educate ourselves with these boundaries set by Allah and to learn how to be healthy in our food, finance, and life-style.

WHY ISLAM ???

1877-WHY-ISLAM Operational Hours: 9 AM - 9 PM US Eastern Std time. Pick up your phone and call toll free number. Associates will be more than happy to answer your questions about Islam.

Information

আপনি কি চান? এই পাশ্চাত্যে আপনার সন্তান একজন ভাল একাডেমিক হওয়ার পাশাপাশি একজন ভাল মুসলিম হোক?

আপনার সন্তান আশপাশের পরিবেশ, School, College, University, TV, Radio, Internet হতে সচেতন ও অবচেতন মনে প্রতিনিয়ত কোন না কোন কিছু শিখছে। প্রতিদিন সে নিত্যনূতন কায়দা রঙ করছে। হলিউড আর বলিউডের কল্যাণে আপনি, আপনার স্ত্রী এবং সন্তানেরা প্রতিনিয়তই এগুলি হতে মনের খোরাক নিচ্ছেন। শিশুরা অনুকরণে প্রিয় হবার কারণে এসব বিনোদনের মৌলিক বিষয়গুলির সাথে খুব সহজে পরিচিত হয়ে যায়। এভাবেই তাদের মননশীলতার উপর এসব উপাদানগুলির স্থায়ী প্রভাব পড়ে। এবার চিন্তা করুন এসব অখাদ্য কুখাদ্যের বিপরীতে আপনি নিজে ও আপনার সন্তান কি ইনপুট নিচ্ছেন? চোখ বন্ধ করে খানিক চিন্তা করুন। সুতরাং আপনি কি সত্যক হবেননা? আপনি কি চাননা আপনার সন্তানের মনে ভাল উপাদানগুলি বেশী করে ঢুকুক? আপনি কি চাননা আপনার সন্তান একজন ভাল একাডেমিক হওয়ার পাশাপাশি একজন ভাল মুসলিম হোক?

তাই সন্তানের চরিত্র গঠনে একটি ভারসাম্যপূর্ণ স্ট্রাটেজীর অংশ হিসেবে হলিউড, বলিউডের কুখাদ্যের বিপরীতে যে সামান্য কিছু নৈতিকতার সরবত আপনি পান করাতো পারেন তার মধ্যে অতি গুরুত্বপূর্ণ হলো একটি Family Library প্রতিষ্ঠা।

আল-কোরআনের তাফসীর, হাদিস গ্রন্থ, রাসূলুল্লাহ (সাঃ) এর জীবনী, ইসলামী অর্থনীতি, ইসলামী সমাজ, চার খলিফার বিস্তারিত জীবনী, সাহাবীদের জীবনী, ইসলামী শিক্ষা ইত্যাদি দিয়ে নিজ ঘরে একটি পারিবারিক লাইব্রেরী তৈরী করুন। নিজে পড়ুন ও সন্তানদের পড়ার উৎসাহ দিন।

শিশুপযোগী ইসলামী ডিভিডি, ভিসিডি ইত্যাদি সংগ্রহ করুন। সন্তানদের সেগুলি উপভোগ করার জন্য উৎসাহিত করুন। হিকমতের সাথে ও তাদের স্বতন্ত্র সন্তার কথা বিবেচনা করে ধীরে ধীরে এগুতে থাকুন। ইংরেজীতে এসব বই, ডিভিডি, সিডি খুব সহজেই Cost Price-এ NON-PROFIT ISLAMIC BOOKS CENTRE-এ পাওয়া যায়।

✂ When you buy any food please check for the following Haraam Ingredients.
You can make a copy of this list and distribute it to your family members.
Reference: www.eat-halal.com

Haram Food Ingredients

Animal shortening	Investigate	
Collagen (Pork)	Haraam	*Animal fat shortening can be from beef fallow or lard. If it is from lard, then it is Haraam. If it is from beef fallow, then the animal has to have been slaughtered Islamically, otherwise it is Haraam.
Diglyceride (animal)	Haraam	
Enzyme (animal)	Haraam	
Fatty acid (animal)	Haraam	
Gelatin	Haraam	
Glyceride (animal)	Haraam	
Glycerol/glycerin (animal)	Haraam	
Hormones (animal)	Haraam	**Rennet/Pepsin: Rennet is a milk coagulant that is the concentrated extract of renin enzyme obtained from calves stomachs. Note: At the time of purchase, if you are unable to verify the fact, you can call the concerned company. The company's name and number is generally mentioned on the product, if not see the telephone directory.
Hydrolyzed animal protein	Haraam	
Lard	Haraam	
Lecithin (if soya then Halaal)	Haraam	
Monoglycerides (animal)	Haraam	
Pepsin (animal)**	Haraam	
Phospholipid (animal)	Haraam	
Renin Rennet**	Investigate	
Shortening (animal)*	Haraam	
Whey**	Investigate	

For your feedback please contact...

Editor: Amir Zaman, Associate Editor: Nazma Zaman

Quran & Sahih Hadith Based (Non-Political, Non-Sectarian) Community Development Magazine

Published by: Institute of Social Engineering (ISE), Canada

Phone: 647-280-9835, Email: themessagecanada@gmail.com, www.themessagecanada.com



আপনি কি চান? এই প্রতিকূল পরিবেশে আপনার সন্তানের আত্মিক উন্নয়ন, নৈতিক চরিত্র গঠন এবং ঈমানী শক্তি বৃদ্ধি হোক? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন

Fi-Sabilillah Services NON-PROFIT ISLAMIC BOOKS & DVD SERVICES

Non-Political & Non-Sectarian Community Services
Toronto, 647-280-9835

Where the sale of books and audio-videos are NOT FOR COMMERCIAL purpose. All items are sold AT COST PRICE for Dawa purpose.

Free Quran and other Dawah materials are available for Non-Muslims. এছাড়া আপনি যদি অমুসলিমদের মধ্যে দাওয়াতী কাজ করতে চান তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন।



REFERENCE:

- ① The Holy Quran – English Translated by Abdullah Yusuf Ali
- ② Islam Is "Introduction to Islam and its Principles" – ICNA Canada
- ③ Successful Expat Life - Md. Sarwar Kabir Shameem
- ④ আসান ফেকাহ - মাওলানা ইউসুফ ইসলামী
- ⑤ কুরআন ও হাদীস সঞ্চয়ন - অধ্যাপক মাওঃ আতিকুর রহমান ভূঁইয়া
- ⑥ www.eat-halal.com

Interest Free (HALAAL) Financing

Mortgage - www.ijaracanada.ca or www.isnacanada.com or
www.answerhousing.ca RRSP, RESP and Mutual Fund
- www.nointerest.ca